

বাংলাদেশের জন্য প্রস্তাবনা আহ্বান

প্রস্তাবনা জমাদানের শেষ তারিখ: ১২ আগস্ট, ২০১৫

গ্লোবাল পার্টনারশীপ ফর স্যোসাল একাউন্টিবিলিটি (জিপিএসএ) উন্নয়নশীল দেশসমূহে শাসন ব্যবস্থার গুরুত্বপূর্ণ চ্যালেঞ্জসমূহ মোকাবেলায় কাজ করার ক্ষেত্রে সুশীল সমাজ ও সরকারগুলোকে সহায়তা প্রদান করছে। এ লক্ষ্য অর্জনের প্রয়াসে, জিপিএসএ স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করার লক্ষ্যে গৃহীত সিএসও'র সামাজিক জবাবদিহিতা উদ্যোগগুলোতে কৌশলগত ও অব্যাহত সহায়তা দিয়ে যাচ্ছে। একটি কার্যকর পরিবেশ গড়ে তোলার জন্য সরকারি খাতের ভূমিকাপালনকারী এবং বৈশ্বিক অংশীদার সংস্থাগুলোর একটি নেটওয়ার্কের সঙ্গে বিশ্ব ব্যাংকের সরাসরি ও চলমান সম্পৃক্ততার ভিত্তিতে এটি গড়ে ওঠেছে। এতে সেবা প্রদানের ক্ষেত্রে মৌলিক সমস্যাগুলোর সমাধান এবং সরকারি প্রতিষ্ঠানগুলোর কর্মসম্পাদন ব্যবস্থা জোরদার করার লক্ষ্যে নাগরিকদের প্রতিক্রিয়া ও মতামতকে ব্যবহার করা হয়। স্থানীয়ভাবে প্রণয়ন করা একটি উদ্যোগের মাধ্যমে, জিপিএসএ সহায়তামূলক কর্মসূচিগুলো বিভিন্ন খাতে বাস্তবায়ন করা হয়েছে যেখানে বিশ্ব ব্যাংকের একটি বড় ধরনের সম্পৃক্ততা রয়েছে এবং নাগরিকদের প্রতিক্রিয়া ও মতামতের বিষয়ে সংশ্লিষ্ট সরকারগুলোর সাড়াদানের ক্ষেত্রে সাহায্য করতে পারে।

জিপিএসএ আরো বেশী সুস্পষ্টভাষায় প্রতিক্রিয়া ও মতামত জানানোর জন্য নাগরিকদের সহায়তা প্রদান, তাদের কথা মনোযোগ দিয়ে শোনার জন্য সরকারগুলোকে সাহায্য করা এবং প্রাপ্ত প্রতিক্রিয়া ও মতামতের ভিত্তিতে কাজ করার ক্ষেত্রে সরকারি সংস্থাগুলোকে সহায়তা প্রদানের মাধ্যমে 'ফাঁকগুলো বন্ধ' করার জন্য কাজ করছে।

জিপিএসএ আনন্দের সঙ্গে প্রস্তাবনা দাখিলের জন্য ৩য় বৈশ্বিক আহ্বান করছে। বাংলাদেশের ক্ষেত্রে, জিপিএসএ নিচের বিষয়গুলোর সুরাহা করার জন্য সুশীল সমাজ সংস্থাগুলোর কাছ থেকে সামাজিক জবাবদিহিতা উদ্যোগ ও কর্মসূচির জন্য প্রস্তাবনা আহ্বান করছে:

- ব্রহ্মপুত্র নদের অববাহিকা বরাবর বন্যা ও ভাঙ্গনের প্রতিকূল প্রভাব কমিয়ে আনার লক্ষ্যে গৃহীত কর্মসূচির ফলে ক্ষতিগ্রস্ত ঘরবাড়ির পুনর্বাসন পর্যবেক্ষণ এবং প্রকল্পের মাধ্যমে ও নিজ উদ্যোগে পুনর্বাসিত পরিবারগুলোর জন্য সম্পদের ক্ষতিপূরণ, জীবিকা উন্নয়নমূলক কর্মসূচি ও বাড়তি সেবা প্রদান কর্মসূচি বাস্তবায়ন পর্যবেক্ষণ। এ প্রকল্প চলাকালে প্রণীত ও পরীক্ষিত পদ্ধতিটি এ প্রকল্পের অধীন এলাকায় ক্ষতিগ্রস্ত লোকদের উন্নয়ন প্রক্রিয়ার সঙ্গে সুষ্ঠু আর্থ-সামাজিক পুনর্বাসনে সহায়তা দিতে (বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড -বিডার্লিউডিবি) সহ জাতীয় ও স্থানীয় কর্তৃপক্ষগুলো অনুকরণ করতে পারে। এটি ভবিষ্যতেও অন্যান্য অনুরূপ প্রকল্প পরিস্থিতির জন্য হস্তান্তরযোগ্য হবে।

জিপিএসএ'র গৃহীত পদ্ধতি অনুসরণ করে শীর্ষ নিরীক্ষা প্রতিষ্ঠানসমূহ, আইন পরিষদ, স্বাধীন নিয়ন্ত্রণকারী সংস্থা এবং তদারকী সংস্থাগুলোর নির্বাহী ছাড়াও সরকারী খাতের বিভিন্ন প্রতিষ্ঠান এ সংক্রান্ত তথ্যগুলো ব্যবহার করবে।

বিবেচনার জন্য এসব প্রস্তাবে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে যে,

১. প্রকল্প বিভিন্ন পদক্ষেপ তুলে ধরবে যা সারা দেশে অনুসরণ করা যেতে পারে;
২. নদী তীর উন্নয়ন প্রকল্পের প্রথম পর্যায়ের কাঠামোতে সহায়তা দেয়া চলমান কর্মকাণ্ডগুলো প্রস্তাবিত পদক্ষেপসমূহের সম্পূরক।

৩. প্রকল্প থেকে কিছু তথ্য পাওয়া যাবে যা সংশ্লিষ্ট সরকারি প্রতিষ্ঠানগুলোর সহায়তাপ্রাপ্ত বিদ্যমান প্রক্রিয়ায় সম্পূরক হওয়া উচিত।

জিপিএসএ এসব প্রস্তাব সমর্থন করে যেগুলো:

- সামাজিক জবাবদিহিতার জন্য টেকসই ও কৌশলগত অর্থায়নের সামর্থ্য অর্জনের লক্ষ্যে প্রাক্কলিত মেয়াদকাল ৩ থেকে পাঁচ বছর;
- প্রস্তাবনার বিষয়ে ৩য় বৈশ্বিক আহ্বান সংক্রান্ত সুনির্দিষ্ট অর্থায়ন সম্পর্কে জানতে ভিজিট করুন: www.thegpsa.org

যোগ্য সিএসও: সরকারী বা অলাভজনক খাতের বাইরের বিধিসম্মত সংস্থাসমূহ যেমন, বেসরকারী সংস্থা, অলাভজনক গণমাধ্যম সংস্থা, দাতব্য সংস্থা, ধর্মীয় সংগঠন, পেশাজীবী সংগঠন, শ্রমিক ইউনিয়ন, শ্রমিকদের সংগঠন, নির্বাচিত স্থানীয় প্রতিনিধিদের সংগঠন, ফাউন্ডেশন, নীতিমালা প্রণয়ন ও গবেষণামূলক প্রতিষ্ঠান।

আবেদনকারী সিএসও-কে অবশ্যই জিপিএসএ যোগ্য দেশগুলোর (তালিকা দেখুন) একটিতে আইনগত বৈধতার প্রমাণ দিতে হবে।

অনুদান লাভের জন্য কিভাবে আবেদন করবেন, যোগ্যতার জন্য প্রয়োজনীয় বিষয়, বাছাই করার জন্য ধরণ এবং বাছাইয়ের প্রক্রিয়া সম্পর্কে জানতে অনুগ্রহপূর্বক জিপিএসএ আবেদন নির্দেশনা দেখুন।

আপনি আবেদন করার জন্য আগ্রহী হলে অনুগ্রহ করে জিপিএসএ আবেদন নির্দেশনা পড়তে এবং আবেদন ফরম পেতে ভিজিট করুন: www.thegpsa.org

বাংলাদেশে বিশ্ব ব্যাংকের কার্যালয়সমূহ আয়োজিত ওরিয়েন্টেশন সেসন সম্পর্কে জানার জন্য যোগাযোগ করুন:

চাওহুয়া বাং

czhang1@worldbank.org

ওরিয়েন্টেশন সেসন

টিবিডি